


৪।	হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ আমরা নিয়মিত প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য ১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শাহিনা খাতুন বলেন আমাদের পৌরসভা হতে প্রতি মাসেই কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে আমরা বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য ৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শেফালী খাতুন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান। সেজন্য আমরা কম বেশি হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি।	৪। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা।	সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।
৫।	দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন বলেন PRAP সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে আমরা দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করে থাকি। কমিটির অপর সদস্য জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ অসহায় ও হত দরিদ্র ছাত্রদের মধ্যে আমরা শিক্ষা উপকরণ বিতরণ করে থাকি। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা বলেন হতদরিদ্র ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ ক্রয় বাবদ বাজেট বরাদ্দ রাখা আছে। বিস্তারিত আলোচনা শেষে হতদরিদ্র ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	৫। দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করা।	সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।
৬।	বিনামূল্যে হত দরিদ্রদের মাঝে চেউটিন বিতরণ।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভা হতে আমরা হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে কিছু সংখ্যক পরিবারের মাঝে চেউটিন বিতরণ করব। কমিটির অপর সদস্য জনাব, মোঃ আবুল হোসেন বলেন অনেক পরিবার আছে যাদের ঘর করার মত সামর্থ্য নাই সে সকল পরিবারের মাঝে চেউটিন বিতরণ করা খুবই জরুরী। সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন হত দরিদ্রদের মাঝে যাদের ঘর করার মত কোন সামর্থ্য নেই তাদের মাঝে চেউটিন বিতরণ করা দরকার। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ সাফিয়া খাতুন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান হিসাবে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে চেউটিন বিতরণ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন মেয়র মহোদয়ের নির্দেশ মোতাবেক আমরা হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে চেউটিন বিতরণ করব। বিস্তারিত আলোচনা শেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে চেউটিন বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	৬। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে চেউটিন বিতরণ।	সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মুন্সি মোঃ রেজাউল করিম খোকন)

সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

ও


কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ৪-

অনুলিপি ৪- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২. সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।



(মুন্সি মোঃ রেজাউল করিম খোকন)

সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।